

**বৈদ্যুতিক কারিগরি পারমিট, বৈদ্যুতিক সুপারভাইজার সার্টিফিকেট ও বৈদ্যুতিক ঠিকাদারী প্রতিষ্ঠানের জন্য অনলাইনে
আবেদনের বিজ্ঞপ্তি**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের বিদ্যুৎ লাইসেন্সিং বোর্ড কর্তৃক ইলেকট্রিশিয়ানদের বৈদ্যুতিক কারিগরি পারমিট ও ডিগ্রি/ডিপ্লোমা প্রকৌশলীগণের বৈদ্যুতিক সুপারভাইজার কম্পিউটার সার্টিফিকেট এবং বৈদ্যুতিক ঠিকাদারী লাইসেন্স গ্রহণে আগ্রহী সকল ব্যক্তি/প্রতিষ্ঠানকে সর্বশেষ ১১/০৭/২০২১ খ্রিঃ তারিখ ১৭-০০ ঘটিকার মধ্যে e-service.ocei.gov.bd ওয়েব এড্রেস ব্যবহার করে অনলাইনে আবেদন করার জন্য অনুরোধ করা যাচ্ছে। অনলাইন ব্যতীত সরাসরি কোন আবেদন গ্রহণ করা হবে না। আবেদন প্রক্রিয়া অনলাইনে প্রেরণের জন্য নিম্নোক্ত পদ্ধতি অনুসরণ করুনঃ

অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলি ও করণীয়ঃ

রেজিস্ট্রেশন পদ্ধতি	ক) প্রথমে যে কোনো ওয়েব ব্রাউজার থেকে e-service.ocei.gov.bd লিংকে প্রবেশ করুন।
	খ) Registration বাটনে ক্লিক করুন ও User Registration Form সঠিক তথ্য দিয়ে পূরণ করুন এবং Submit বাটনে ক্লিক করুন।
	গ) মোবাইলে একটি চার ডিজিট এর OTP যাবে সেটি ফরমে নির্ধারিত স্থানে ব্যবহার করুন এবং Submit বাটনে ক্লিক করে রেজিস্ট্রেশন সম্পন্ন করুন।
লগইন	ক) User ID হিসেবে রেজিস্ট্রেশনে ব্যবহৃত নিজেদের মোবাইল নম্বর (ইংরেজি ডিজিট) অথবা ই-মেইল ব্যবহার করুন।
	খ) Password হিসেবে রেজিস্ট্রেশন এ প্রদত্ত পাসওয়ার্ড ব্যবহার করুন।
	গ) Login বাটনে ক্লিক করুন।
এপ্লিকেশন পদ্ধতি	ক) “Applications” মেনুতে ক্লিক করুন এবং সাবমেনু থেকে আপনার কাজিত Applications (Electrician Permit Application বা Supervisor Competency Certificate Application বা Contractor License Application) এ ক্লিক করুন।
	খ) আবেদনের নিয়মাবলি বিস্তারিতভাবে পড়ুন এবং I Agree বাটনে ক্লিক করুন।
	গ) যে ফরমটি পাবেন তাতে আপনার নিজের ব্যক্তিগত তথ্যগুলি যেমন স্থায়ী ঠিকানা, বর্তমান ঠিকানা, শিক্ষাগত যোগ্যতা, চাকরির অভিজ্ঞতা সঠিকভাবে ইংরেজি ঘরে ইংরেজিতে এবং বাংলার ঘরে বাংলাতে পূরণ করুন।
	ঘ) সংযুক্তিতে আপনার এনআইডি কপি, পাসপোর্ট সাইজের ছবি, স্বাক্ষর সহ অন্যান্য প্রয়োজনীয় ডকুমেন্ট সংযুক্ত করে দিন এবং Save & Next বাটনে ক্লিক করুন।
ফি প্রদান পদ্ধতি	ক) বাংলাদেশ ব্যাংক অথবা সোনালী ব্যাংকে ট্রেজারী চালান এর মাধ্যমে নির্ধারিত লাইসেন্স ফি পরিশোধ করে চালান এর স্ক্যান কপি সংরক্ষণ করুন। License Fee এর ঘরে ব্যাংকের নাম, ব্রাঞ্চের নাম, চালান নং, তারিখ ও চালানের স্ক্যান কপি সংযুক্ত করে “Save Payment Info” বাটনে ক্লিক করুন।
	খ) Center Fee পরিশোধ এর জন্য Make Payment বাটনে ক্লিক করুন এবং মোবাইল ব্যাংকিং, ক্রেডিট কার্ড অথবা ইন্টারনেট ব্যাংকিং এর মাধ্যমে সেন্টার ফি এর টাকা পরিশোধ করুন।
ফাইনাল সাবমিশন	পেমেন্ট কমপ্লিট হওয়ার পর ড্যাশবোর্ড এর Application List থেকে “Final Submit” বাটন এ ক্লিক করুন। Application এ কোনো ধরনের সংশোধন এর প্রয়োজন থাকলে “Final Submit” বাটনে ক্লিক করার পূর্বেই “EDIT” বাটন এ ক্লিক করে তথ্য সংশোধন করে Update বাটন এ ক্লিক করুন। উল্লেখ্য Final Submit করার পর আর কোন তথ্য সংশোধন করা যাবে না। সফল ভাবে Application সম্পন্ন হলে ড্যাশবোর্ড স্ক্রিনে Your Application Successfully Submitted দেখাবে। Dashboard এর List এ Application Status “Submitted” দেখাবে।

পরীক্ষার তারিখ, সময় পরবর্তীতে SMS এর মাধ্যমে জানানো হবে এবং প্রত্যেক পরীক্ষার্থী e-service.ocei.gov.bd হতে প্রবেশপত্র ডাউনলোড করে প্রবেশপত্রের কপিসহ শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা সনদের মূলকপিসহ পরীক্ষার সময় উপস্থিত থাকতে হবে।

Online-এ আবেদন এবং টাকা জমার কাজটি প্রার্থী নিজে সম্পন্ন করবেন। এ ক্ষেত্রে অন্য মাধ্যম থেকে উক্ত কাজটি সম্পন্ন করে প্রার্থী প্রতারণিত হলে কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

ইতোপূর্বে যারা সরাসরি / ডাকযোগে আবেদন করেছেন তাদেরকে পুনরায় অনলাইনে আবেদন করার জন্য অনুরোধ করা হলো। এছাড়াও যারা অনলাইনে আবেদন করেছেন তাদের পুনরায় আবেদন করার প্রয়োজন নেই।

পরীক্ষা সংক্রান্ত যাবতীয় তথ্য www.ocei.gov.bd হতে পাওয়া যাবে।


২০২১

(প্রকৌঃ মোঃ আতোয়ার রহমান মৌল্লা)

সচিব

বিদ্যুৎ লাইসেন্সিং বোর্ড, ঢাকা।